



লিঙ্গ ও লিঙ্গ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'লিঙ্গ' শব্দের অর্থ হল —
(ক) বর্ণ (খ) চিহ্ন বা লক্ষণ
(গ) ধ্বনি সমষ্টি (ঘ) কোনটি নয়
- ২। 'গাছ' শব্দটি কোন্ শ্রেণীর লিঙ্গ?
(ক) স্ত্রী লিঙ্গ (খ) উভয় লিঙ্গ
(গ) ক্লীব লিঙ্গ (ঘ) কোনটি নয়
- ৩। বাংলা ব্যাকরণে লিঙ্গকে কয়টি শ্রেণীতে ভাগ করা যায়?
(ক) তিন (খ) চার
(গ) পাঁচ (ঘ) ছয়
- ৪। কোন কোন ভাষায় ক্লীবলিঙ্গ নেই?
(ক) আরবী-হিন্দি (খ) হিন্দুস্থানী-ফারসী
(গ) সংস্কৃত-বাংলা (ঘ) কোনটি নয়
- ৫। যেসব শব্দে স্ত্রী-পুরুষ উভয়জাতিকে বোঝায় তা হল —
(ক) উভয় লিঙ্গ (খ) ক্লীব লিঙ্গ
(গ) পুং লিঙ্গ (ঘ) স্ত্রী লিঙ্গ
- ৬। 'সভাপতি' শব্দটি কোন লিঙ্গ?
(ক) পুং লিঙ্গ (খ) স্ত্রী লিঙ্গ
(গ) উভয় লিঙ্গ (ঘ) নিত্য পুংলিঙ্গ
- ৭। 'জনক' শব্দের স্ত্রী লিঙ্গ হল —
(ক) জানকী (খ) জনকিনী
(গ) জননী (ঘ) কোনটি নয়
- ৮। 'পাথর' শব্দটি কোন লিঙ্গ?
(ক) উভয়লিঙ্গ (খ) পুংলিঙ্গ
(গ) ক্লীবলিঙ্গ (ঘ) কোনটি নয়
- ৯। 'নবাব' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) নবাবী (খ) বেগম
(গ) সুলতান (ঘ) কোনটি নয়
- ১০। 'বিপ্লবীক' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) সপ্লবীক (খ) সধবা
(গ) বিধবা (ঘ) কোনটি নয়

- ১১। 'সন্তান' শব্দটি কোন্ লিঙ্গ?
(ক) পুং লিঙ্গ (খ) স্ত্রী লিঙ্গ
(গ) ক্লীব লিঙ্গ (ঘ) উভয় লিঙ্গ
- ১২। 'দ্বিজ' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) দ্বিজা (খ) দ্বিজঙ্গী
(গ) দ্বিজি (ঘ) কোনটি নয়
- ১৩। 'বৈষ্ণব' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) বিষ্ণু (খ) বৈষ্ণবী
(গ) বৈষ্ণবীয় (ঘ) কোনটি নয়
- ১৪। মিঃ রায় এখন নরেনের অভিভাবক। 'অভিভাবক' শব্দের লিঙ্গ পরিবর্তন হল —
(ক) অভিভাবিকা (খ) অভিভাবকীয়
(গ) অবিভাবক (ঘ) কোনটি নয়
- ১৫। 'লক্ষ্মী' শব্দটি হল —
(ক) স্ত্রী লিঙ্গ (খ) নিত্য স্ত্রী লিঙ্গ
(গ) উভয় লিঙ্গ (ঘ) কোনটি নয়

Amit Kundu
